



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন -১
www.lgd.gov.bd



স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৫.২৩.১১০

তারিখ: ২৫ মাঘ ১৪৩০

০৮ ফেব্রুয়ারি ২০২৪

বিষয়: রিট পিটিশন নং ১৫৮৬৯/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।

সূত্র: হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ১৫৮৬৯/২০২৩-এর ১৮/১২/২০২৩ খ্রি. তারিখের রুল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরগুনা জেলার বেতাগী উপজেলাধীন ২নং বেতাগী ইউনিয়ন পরিষদের ১নং ওয়ার্ডের সদস্য জনাব মোঃ জসিম উদ্দীন-কে গত ১৮/১০/২০২৩ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০১৭.২৭.০০৩.২০-১০৫৮ সংখ্যক স্মারকে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে স্থানীয় সরকার বিভাগের ইউপি-১ শাখা হতে সাময়িক বরখাস্ত করা হয়। ফলে পিটিশনার জনাব মোঃ জসিম উদ্দীন সংক্ষুব্ধ হয়ে মাননীয় হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ১৫৮৬৯/২০২৩ দায়ের করেন। মাননীয় হাইকোর্ট বিভাগ শুনানি অন্তে রুল ইস্যুসহ প্রতিপক্ষগণের প্রতি কারণ দর্শানোর আদেশ দেন। এ মোকদ্দমায় স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়কে ১নং এবং সিনিয়র সহকারী সচিব, ইউপি-১ শাখাকে ২নং প্রতিপক্ষসহ মোট সাত জনকে প্রতিপক্ষ করা হয়েছে।

২। এমতাবস্থায়, রিট পিটিশন নং ১৫৮৬৯/২০২৩-এ প্রদত্ত রুলনিশির জবাব প্রদান এবং মোকদ্দমাটি পরিচালনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের সচিব মহোদয় কর্তৃক স্বাক্ষরিত ওকালতনামা ও আনুসঙ্গিক কাগজপত্র নির্দেশক্রমে এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে.....পাতা। (8333/potrojariAttachmentRef/52806/0/2240)

৯-২-২০২৪

পুরবী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)

ফোন: ০২৫৫১০০৯৯৫

ইমেইল: lgdlaw1@lgd.gov.bd

সলিসিটর (যুগ্ম সচিব)

সলিসিটর অনুবিভাগ

আইন ও বিচার বিভাগ


স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০২০.০৪.২৭৫.২৩.১১০/১

তারিখ: ২৫ মাঘ ১৪৩০

০৮ ফেব্রুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) বিজ্ঞ অ্যাটর্নি জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়
- ২) সিনিয়র সহকারী সচিব, ইউনিয়ন পরিষদ -১ শাখা, স্থানীয় সরকার বিভাগ
- ৩) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, স্থানীয় সরকার বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা (চলতি দায়িত্ব), অতিরিক্ত সচিবের অনুবিভাগ, স্থানীয় সরকার বিভাগ
- ৬) ব্যক্তিগত কর্মকর্তা, আইন অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ



৯-২-২০২৪

পূর্ববী গোলদার

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)